

আমার কলম

আমি খুব ভালো শাস্ত্র শিষ্ট ভদ্র
লেখালিখি করি প্রচণ্ডভেবেচিন্তে,
ফুলের গন্ধে আমার কলম কাঁপে
খুন ধর্ষণে ব্যথা পায় নাম কিনতে।

আমি খুব ভালো বড়দের প্রতি ভক্তি
মদুর হাস্যে কিল খাই চুপচাপ,
প্রয়োজন হলে কিল মারতেও পারি
ফুল চন্দন পাক।

আমি কত ভালো সকলের হয়ে কাঁদি
আমি সন্যাসী আমার কলম রাজা,
যুদ্ধবিরোধী মিছিল ও বামপন্থা
টিভিতে মাইকে আমার নামটি বাজা।

আমাকে মিডিয়া কত ভালোবাসে জানো ঞ
ওরা বোঝে আমি মহান ও আমি ভালো,
সবাই কে বলে দেবে
কারা সাদা আর কারাই বা খুব কালো।

গঙ্গার মান ছবি
গ্ন অনাথ ছেলে,
আকাশে তারার বিপুল হাস্য করে
এই নিয়ে তুমি কটা সম্মান পেলে ঞ

আমি সংযম দেখতে উড়ানচন্ডী
কাকে কী বলব খুব ভালো জানি আমি,
আমার ভেতরে একেবারেই যা নেই
অবাধ্যভাবে অনাবিল পাগলামি।

বীথি চট্টোপাধ্যায়

